বিসিএস প্রশাসন
# একাডেমি বার্তা

www.bcsadminacademy.gov.bd জানুয়ারি-মার্চ সংখ্যা ২০২২

## ঐতিহাসিক ৭ মার্চ উদ্‌যাপন



ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন এবং অনুষদবৃন্দ

ঐতিহাসিক ৭ মার্চ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করার লক্ষ্যে বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন, একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) ড. মোঃ জাহাঙ্গীর আলম, অন্যান্য অনুষদবৃন্দ ও কর্মচারীদের সাথে নিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পন করেন। ১৯৭১ সালের এই দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতা সংগ্রামের চূড়ান্ত পর্যায়ে এসে মুক্তিযুদ্ধের জন্য বাঙালি জাতিকে প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছিলেন। পরাধীনতা থেকে বাঙালি জাতির মুক্তি এবং বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে বঙ্গবন্ধুর ৭ মার্চের এই ভাষণ এক অনন্যসাধারণ ও তাৎপর্যপূর্ণ ঘটনা। বঙ্গবন্ধুর ভাষণটি আজ বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃত।

## মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২২




মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষে আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন মুখ্য আলোচক স্বনামধন্য কবি ও বাংলা একাডেমির মহাপরিচালক জনাব মুহম্মদ নূরুল হুদা



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষে আলোচনা সভায় বক্তব্য প্রদান করছেন রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষে বিসিএস প্রশাসন একাডেমির পক্ষ হতে কেন্দ্রীয় শহীদ মিনারে ফুল দিয়ে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হয়। প্রভাতফেরিতে অংশগ্রহণ করেন বিসিএস প্রশাসন একাডেমির অনুষদবৃন্দ ও কর্মচারীবৃন্দ। নিজের ভাষায় কথা বলবার অধিকার রক্ষা করার জন্য এই দিনে ভাষা শহীদদের রক্তে রঞ্জিত হয়েছিল ঢাকার রাজপথ। মাতৃভাষার জন্য আত্মত্যাগের এই বিরল দৃষ্টান্ত বিশ্বসভায় ১৯৯৯ সালে ইউনেস্কো দিনটিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষে বিসিএস প্রশাসন একাডেমিতে আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতে ভাষা শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। অতঃপর অমর একুশের অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে অংশগ্রহণ করেন স্বনামধন্য কবি ও বাংলা একাডেমির মহাপরিচালক জনাব মুহম্মদ নূরুল হুদা। সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর এবং সরকারের সচিব জনাব মোমিনুর রশিদ আমিন। আলোচনা সভায় মুখ্য আলোচক ভাষা আন্দোলনের পটভূমি ও বাঙালি জাতির ভাষা সংগ্রামের সঠিক ইতিহাস নতুন প্রজন্মের কাছে তুলে ধরেন এবং সর্বত্র বাংলা ভাষার সঠিক ব্যবহার করার জন্য উদ্যোগ গ্রহণ করার অনুরোধ জানান।

## গণহত্যা দিবসে ২৫ মার্চের শহীদদের স্মরণ




১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাতে পাকিস্তানি হানাদার বাহিনী ‘অপারেশন সার্চলাইট’ নামে ঢাকাসহ সারা দেশে নিরস্ত্র বাঙালিদের ওপর অত্যাধুনিক অস্ত্রে সজ্জিত হয়ে ঝাঁপিয়ে পড়ে। অংশ নেয় ইতিহাসের নৃশংসতম গণহত্যায়, যা ২০১৭ থেকে গণহত্যা দিবস হিসেবে বাংলাদেশে পালিত হয়ে আসছে। গণহত্যা দিবস ২০২২ এর আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এমপি, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম। আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। গণহত্যা দিবসের আলোচনা সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, একাডেমির অনুষদ সদস্যবৃন্দ এবং ১২১তম, ১২২তম, ১২৩তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন




১৯৭১ সালের ২৫ শে মার্চ রাতে পাকিস্তানি সামরিক বাহিনী অপারেশন সার্চলাইটের নামক নির্বিচারে গণহত্যা রুখে দিয়ে ভয়াল কালরাত্রি’র বিভীষিকা পেছনে ফেলে রক্তে রাঙা নতুন সূর্য উঠেছিল ১৯৭১ সালের ২৬ মার্চে। পরাধীনতার শৃঙ্খল ভেঙে ১৯৭১ সালের এই দিনে বিশ্বের বুকে বাংলাদেশের স্বাধীন অস্তিত্ব ঘোষিত হয়েছিল। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বাধীনতার ঘোষণার মাধ্যমে দেশকে স্বাধীন করার জন্য সশস্ত্র যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল জাতি। ২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে বিসিএস প্রশাসন একাডেমি কর্তৃক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভার প্রধান অতিথি ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির পরিচালক (আইসিটি) জনাব খায়রুল কবির মেনন। প্রধান অতিথি বলেন, স্বাধীনতার ৫০ বছরে বাংলাদেশ এলডিসিভুক্ত দেশ থেকে উন্নয়নশীল দেশের মর্যাদা অর্জন করেছে এবং ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশে পরিণত করার দৃঢ় প্রত্যয় নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে কাজ করছে সরকারী কর্মচারীগণ। অনুষ্ঠানে বিসিএস প্রশাসন একাডেমির অনুষদবর্গ, ১২১তম, ১২২তম ও ১২৩তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।



## বঙ্গবন্ধু ও বাংলাদেশের অর্থনীতি শীর্ষক বঙ্গবন্ধু স্মারক বক্তৃতা ২০২২



বিসিএস প্রশাসন একাডেমিতে ১৫ জানুয়ারি ২০২২ ‘বঙ্গবন্ধু ও বাংলাদেশের অর্থনীতি’ বিষয়ক স্মারক বক্তৃতা অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান স্মারক বক্তৃতা প্রদান করেন। ড. মসিউর রহমান তাঁর স্মারক বক্তৃতায় বঙ্গবন্ধুর জনকল্যাণমূলক অর্থনৈতিক ধারণা বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন, স্বাধীন বাংলাদেশে বঙ্গবন্ধু একটি পরিকল্পনা কমিশন গঠন করে উচ্চ শিক্ষিত কর্মকর্তাদের সেখানে নিয়োগ দেন। বিশ্বব্যাংক ও অন্যান্য আর্থিক এবং আঞ্চলিক সহযোগিতা সংস্থার সাথে বাংলাদেশের সম্পর্ক জোরদার করেন। ড. মসিউর রহমান উল্লেখ করেন, বঙ্গবন্ধু শিল্প-বাণিজ্য রাষ্ট্রায়ত্তকরণের প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন ছিলেন, শিল্পখাতে একচেটিয়া মালিকানা বা মনোপলির নেতিবাচক ফলাফল সম্পর্কে সতর্ক ছিলেন। তাঁর সময়ে ব্যাংক ও বীমা কোম্পানি রাষ্ট্রীয় মালিকানায় নেয়া হয়। চারটি ব্যাংকিং কর্পোরেশনের কাছে ব্যাংকের সম্পদ ও পরিচালনার দ্বায়িত্ব দেয়া হয়। যথা- সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক ও রূপালী ব্যাংক। বঙ্গবন্ধু বৃহৎ শিল্পখাতে উৎপাদন বৃদ্ধির বিষয়ে জোর দেন। ক্ষুদ্র ও কুটির শিল্পে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা বাড়ান। ড. মসিউর রহমান বলেন, বঙ্গবন্ধু দক্ষ মানবসম্পদ তৈরি করতে শিক্ষার উপর জোর দেন। মানবসম্পদ উন্নয়নে তিনি স্বাস্থ্যসেবার উপর গুরুত্ব আরোপ করেন। বঙ্গবন্ধু জমির মালিকানা পঁচাত্তর বিঘায় সীমিত করেন এবং পঁচিশ বিঘা পর্যন্ত খাজনা মওকুফ করা হয়। বঙ্গবন্ধু গণতন্ত্রের দুটি রূপ চিহ্নিত করেন- শোষকের গণতন্ত্র এবং শোষিতের গনতন্ত্র, তিনি শোষিতের গণতন্ত্রে বিশ্বাসী ছিলেন। বিশেষ অতিথি হিসেবে বঙ্গবন্ধু স্মারক বক্তৃতা ২০২২ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম, সভাপতিত্ব করেন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। স্মারক বক্তৃতা অনুষ্ঠানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, একাডেমির অনুষদবৃন্দ এবং ১২১তম, ১২২তম ও ১২৩তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন




“টেকসই আগামীর জন্য, জেন্ডার সমতাই আজ অগ্রগণ্য”- এই প্রতিপাদ্য নিয়ে আন্তর্জাতিক নারী দিবস ২০২২ উপলক্ষে ৮ মার্চ বিসিএস প্রশাসন একাডেমিতে আলোচনা সভা ও শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতে বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর ও সরকারের সচিব জনাব মোমিনুর রশিদ আমিন একাডেমির সকল অনুষদবৃন্দ এবং প্রশিক্ষণার্থীদের ফুল দিয়ে নারী দিবসের শুভেচ্ছা জানান। আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) ড. মোঃ জাহাঙ্গীর আলম এবং বিসিএস প্রশাসন একাডেমির পরিচালক (প্রশিক্ষণ) জনাব ইলিয়া সুমনা। আলোচনা সভায় ১২১তম, ১২২তম ও ১২৩তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। মুক্ত আলোচনায় প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে অনুভূতি প্রকাশ করেন ১২২তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী জনাব মারিয়া হক।

## একাডেমিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন-২০২২





শিশুদের প্রতি বঙ্গবন্ধুর ভালোবাসা ছিল অপরিসীম। বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা নিবেদন এবং শিশুদের প্রতি তাঁর মমত্বকে স্মরণীয় করে রাখতে ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এঁর জন্মদিনকে জাতীয়ভাবে 'জাতীয় শিশু দিবস' হিসেবে পালন করা হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এঁর ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উপলক্ষে বিসিএস প্রশাসন একাডেমিতে দিনব্যাপী কর্মসূচি গ্রহণ করা হয়। ১৭ মার্চ সকালে শিশুদের নিয়ে কেক কেটে বেলুন ও পায়রা উড়িয়ে কর্মসূচির উদ্বোধন করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর ও সরকারের সচিব জনাব মোমিনুর রশিদ আমিন। তিনি অনুষ্ঠানে আগত সকল শিশুর হাতে উপহারও তুলে দেন। একই সাথে তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এঁর ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উপলক্ষে সকল প্রশিক্ষণার্থীদের জন্য মেডিকেল চেক আপ কর্মসূচির উদ্বোধন করেন ।

## বঙ্গবন্ধু ও তাঁর দর্শন শীর্ষক বঙ্গবন্ধু স্মারক বক্তৃতা ২০২২







বিসিএস প্রশাসন একাডেমিতে ২৩ মার্চ ২০২২ তারিখে বঙ্গবন্ধু স্মারক বক্তৃতা ২০২২ অনুষ্ঠিত হয়। স্মারক বক্তৃতা প্রদান করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরী। এ সময় তিনি বলেন, আমাদের যে বাঙালিয়ানা তা বঙ্গবন্ধুর হাতে তৈরি। মুক্তিযুদ্ধ ও স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান অনন্য এবং গভীরভাবে ব্যাপ্ত। বঙ্গবন্ধু ও তাঁর দর্শন শ্রেণি-পেশা, নারী-পুরুষ, বর্ণ-ধর্ম-গোত্র নির্বিশেষে বাংলাদেশের জনসাধারণের কাছে চিরন্তন প্রেরণা ও শক্তি-সংহতির উৎস। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম, সভাপতিত্ব করেন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। স্মারক বক্তৃতা অনুষ্ঠানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, একাডেমির অনুষদ সদস্যবৃন্দ এবং ১২১তম, ১২২তম ও ১২৩তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## বিসিএস প্রশাসন একাডেমির গবেষণা কার্যক্রম



একাডেমির গবেষনা পর্যালোচনা সভায় সভাপতিত্ব করেন রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন

বিসিএস প্রশাসন একাডেমি প্রশাসন ক্যাডারে কর্মরত গবেষকগণ ছাড়াও দেশের দক্ষ, অভিজ্ঞ এবং যে কোন ডিসিপ্লিনে কর্মরত আগ্রহী গবেষকদের গবেষণার জন্য আর্থিক বরাদ্দ প্রদান করে। বিসিএস প্রশাসন একাডেমির গবেষণা নীতিমালা ২০২১ অনুযায়ী গবেষণার প্রস্তাব আহবান করে প্রথমে জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি দেয়া হয়। আগ্রহী গবেষকগণ সে পরিপ্রেক্ষিতে গবেষণা প্রস্তাব জমা দেন। গবেষণা কমিটি পর্যালোচনা সভায় যাচাই বাছাই করে নির্বাচিত গবেষকদের তালিকা প্রস্তুত করে। ২০২১-২০২২ অর্থবছরে বিসিএস প্রশাসন একাডেমির রাজস্ব খাত থেকে ২টি এবং প্রকল্প খাত থেকে ৩টি গবেষণার জন্য আর্থিক বরাদ্দ দেয়া হয়।

## এস-টু পাবলিক প্রকিউরমেন্ট বিষয়ক সংক্ষিপ্ত প্রশিক্ষণ

বিসিএস প্রশাসন একাডেমিতে ITC-ILO -এর সহযোগিতায় গত জানুয়ারি হতে মার্চ পর্যন্ত সর্বমোট ৭টি তিনদিনব্যাপী পাবলিক প্রকিউরমেন্ট বিষয়ক সংক্ষিপ্ত প্রশিক্ষণ (এস-টু)-এর আয়োজন করা হয়। এতে সর্বমোট ২১৮ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠানে সনদ প্রদান করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন।

## মাসিক সমন্বয় সভা ফেব্রুয়ারি ২০২২

বিসিএস প্রশাসন একাডেমিতে ৯ ফেব্রুয়ারি ২০২২ মাসিক সমন্বয় সভা অনুঠিত হয়। এ সভায় সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। এ সভায় একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) ড. মোঃ জাহাঙ্গীর আলম ও অন্যান্য অনুষদবৃন্দ উপস্থিত ছিলেন।

## ৮ম আধুনিক অফিস ব্যবস্থাপনা কোর্স




সমাপনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্য প্রদান করেন মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) ড. মোঃ জাহাঙ্গীর আলম

বিসিএস প্রশাসন একাডেমিতে সক্ষমতা বৃদ্ধি প্রকল্প (প্রথম সংশোধিত)-এর আওতায় বিভিন্ন দপ্তর/সংস্থায় কর্মরত সিনিয়র সহকারী সচিব এবং উপসচিবদের অংশগ্রহণে ৮ম আধুনিক অফিস ব্যবস্থাপনা কোর্স শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়। এ প্রশিক্ষণে ই-নথি, পাবলিক প্রকিউরমেন্ট রুলস, সভা ব্যবস্থাপনা, অফিস পরিদর্শন, সাধারণ আর্থিক বিধিবিধান, আর্থিক ক্ষমতা অর্পণ ও ইনোভেশন ইন পাবলিক সার্ভিস ডেলিভারি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। সমাপনী ও সনদ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। সভাপতিত্ব করেন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) ড. মোঃ জাহাঙ্গীর আলম।

## যুক্তরাজ্যের সিভিল সার্ভিস কলেজের সাথে দ্বিপাক্ষিক বৈঠক



বিসিএস প্রশাসন একাডেমিতে ১৯ মার্চ ২০২২ তারিখে যুক্তরাজ্যের সিভিল সার্ভিস কলেজের সাথে একাডেমির দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় যুক্তরাজ্যের সিভিল সার্ভিস কলেজের প্রতিনিধিদল তাদের প্রতিষ্ঠানে চলমান কোর্সগুলো সম্পর্কে একাডেমিকে অবহিত করেন এবং বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি হতে কর্মকর্তাদের প্রশিক্ষণ বা উচ্চ শিক্ষায় প্রেরণের ক্ষেত্রে তাদের প্রতিষ্ঠানের আগ্রহী মনোভাবের কথা ব্যক্ত করেন। সভার শেষভাগে একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন এবং প্রতিনিধিদলের প্রধান শুভেচ্ছা স্মারক বিনিময় করেন।

## ১০ম ইংলিশ ল্যাংগুয়েজ প্রফিসিয়েন্সি কোর্স



বিশেষ অতিথি জনাব ফে নিকোলসকে শুভেচ্ছা স্মারক প্রদান করেন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন

বিসিএস প্রশাসন একাডেমির সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প (প্রথম সংশোধিত)-এর আওতায় এবং বৃটিশ কাউন্সিল বাংলাদেশ-এর তত্ত্বাবধানে ২৩ জানুয়ারি ২০২২ হতে ৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে দশম ইংলিশ ল্যাংগুয়েজ প্রফিসিয়েন্সি কোর্সের প্রশিক্ষণ আয়োজিত হয়। ১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্সে প্রথম থেকে দশম স্থান অর্জনকারী প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। এ প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তাগণ IELTS পরীক্ষার প্রস্তুতি গ্রহণ করে থাকেন। উল্লেখ্য, প্রকল্পের আওতায় প্রশিক্ষণার্থীদের IELTS -এর রেজিষ্ট্রেশন ফি ও প্রদান করা হয়ে থাকে।

৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে দশম ইংলিশ ল্যাংগুয়েজ প্রফিসিয়েন্সি কোর্সের সমাপনী অনুষ্ঠান আয়োজিত হয়। এতে প্রধান অতিথির আসন অলংকৃত করেন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বৃটিশ কাউন্সিল বাংলাদেশ এর টিচিং সেন্টার ম্যানেজার জনাব ফে নিকোলস, সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) ড. মোঃ জাহাঙ্গীর আলম। এছাড়া, এ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মোঃ মাহবুব-উল-আলম, একডেমির পরিচালাকবৃন্দসহ অন্যান্য অনুষদবৃন্দ। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করেন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। অনুষ্ঠান সমাপনান্তে তিনি বিশেষ অতিথি জনাব ফে নিকোলসকে একাডেমির পক্ষ হতে শুভেচ্ছা স্মারক প্রদান করেন।

## একাডেমির সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের অধীনে বৃত্তি প্রদান



সাক্ষাতকার গ্রহণ করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজমসহ বৃত্তি বাছাই করার জন্য গঠিত কমিটির সদস্যবৃন্দ

১৯ মার্চ ২০২২ তারিখে একাডেমির সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের অধীনে বৃত্তি অর্জনে আগ্রহী প্রার্থীদের সাক্ষাতকার গ্রহণ করা হয়। স্বনামধন্য আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য ২০২১-২০২২ অর্থবছরে সর্বমোট ১১ জনকে প্রকল্পের আওতায় বৃত্তি প্রদান করা হয়।

## একাডেমির কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান

গত ৭ মার্চ ২০২২ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে নবযোগদানকৃত ১৮তম ও ২০তম গ্রেডের কর্মচারীদের ওরিয়েন্টেশন প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণান্তে তাদের সনদ প্রদান করেন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। এ সময় একাডেমির পরিচালকবৃন্দ, উপপরিচালকবৃন্দ ও সহকারী পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।





আইন ও প্রশাসন কোর্সে উন্মুক্ত সেশনে কর্মকর্তাদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি



আইন ও প্রশাসন কোর্সে উন্মুক্ত সেশনে প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সাথে নিজের অভিজ্ঞতা বিনিময় করেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস




আইন ও প্রশাসন কোর্সে উন্মুক্ত অধিবেশনে প্রশিক্ষাণার্থীদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন



ফিটলিস্টভুক্ত ইউএনওদের ওরিয়েন্টশন কোর্সে প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন ভূমি সচিব জনাব মো: মোস্তাফিজুর রহমান পিএএ




বিসিএস প্রশাসন একাডেমিতে এপিএ-এর খসড়া অনুশাসনমালার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিভাগীয় পর্যায়ের কর্মশালা অনুষ্ঠিত হয়



বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ ও সরকারের অতিরিক্ত সচিব জনাব মোঃ মাহবুব-উল-আলম এর বিদায় সংবর্ধনা

# ১২১তম, ১২২তম ও ১২৩তম আইন ও প্রশাসন কোর্সের ৪র্থ মেস রজনী



আইন ও প্রশাসন কোর্সের ৪র্থ মেস রজনী অনুষ্ঠিত হয় ৬ মার্চ ২০২২ তারিখে। এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়নে প্রশাসন ক্যাডারের ভূমিকা বিষয়ক নাটক মঞ্চস্থ হয়। এছাড়াও গান, আবৃত্তি, মূকাভিনয় ও নৃত্য পরিবেশন করেন ১২১তম, ১২২তম ও ১২৩তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ। মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি মেগা প্রকল্প সাংস্কৃতিক পরিবেশনের মাধ্যমে তুলে ধরেন প্রশিক্ষণার্থী কর্মকর্তাবৃন্দ। মেস রজনীতে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের সাথে একাডেমির অনুষদবৃন্দ ও আমন্ত্রিত অতিথি উপস্থিত থেকে সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন। ৪র্থ মেস রজনীর প্রধান অতিথি বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন এ আয়োজনের জন্য প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণকে ধন্যবাদ ও আগামী কর্মজীবনের জন্য শুভ কামনা জানান।




বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন-এর পরিকল্পনায় নির্মিত 'অনুভবে ও অনুপ্রেরণায়'



বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন-এর পরিকল্পনায় নির্মিত বঙ্গবন্ধু স্টাডি সেন্টার

বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা-১০০০
www.bcsadminacademy.gov.bd
ফোন : +৮৮ (০২) ৫৫১৬৫৯০১
ফ্যাক্স : +৮৮ (০২) ৫৫১৬৫৯২২
ই-মেইল : ddrp@bcsadminacademy.gov.bd

## সম্পাদনা পর্ষদ

উপদেষ্টা : মোমিনুর রশিদ আমিন, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি
সম্পাদক : ড. মোঃ জাহাঙ্গীর আলম, মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা)
সদস্য : ড. আব্দুল আলীম খান, পরিচালক (গবেষণা ও প্রকাশনা)
: ড. মোঃ মঈন উদ্দিন, উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা)
: তানিয়া মুন, প্রকাশনা কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব)
প্রকাশকাল : মার্চ ২০২২